# গুম প্রতিরোধ বিল পাসের প্রতিবাদে এবি পার্টির বিক্ষোভ




ছবি: সংগৃহীত

জাতীয় সংসদে মানবাধিকার কমিশন, গুম প্রতিরোধ ও সম্পত্তি হস্তান্তরসংক্রান্ত বিল পাসের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ করেছে এবি পার্টি।

বুধবার (৯ সেপ্টেম্বর) বিকেলে রাজধানীর বিজয়নগরে দলটির কার্যালয়ের সামনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

সমাবেশে এবি পার্টির কেন্দ্রীয় নেতারা অভিযোগ করেন, বিতর্কিত আইন পাস করে বিএনপি সরকার জনগণের সঙ্গে বেঈমানি করছে। তাদের দাবি, মানবাধিকার কমিশন ও গুম প্রতিরোধে অন্তর্বর্তী সরকারের করা অধ্যাদেশ বাতিল করে নতুন করে আইন করা হচ্ছে, যা শেখ হাসিনার আমলের আইনের সঙ্গে সাদৃশ্যপূর্ণ।

নতুন আইনে গুমের ঘটনার বিচার আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বা পুলিশের হাতে দেওয়ার বিষয়টিরও সমালোচনা করেন দলটির নেতারা।

তারা বলেন, ভবিষ্যতে বিএনপি ক্ষমতা হারালে এসব সিদ্ধান্তের দায় তাদেরই নিতে হবে। অবিলম্বে আইনগুলো বাতিলের পাশাপাশি সংস্কার, গণহত্যার বিচার এবং গণভোটের রায় বাস্তবায়নের দাবি জানান তারা।

LENS ASIA